অয়স্টার (Oyster) নিয়ে চলাফেরা

মেয়রের ভাষ্য

অয়স্টারে স্বাগতম!

অয়স্টারকার্ড চালু হবার পর থেকে এটি রাজধানীতে পাবলিক ট্রান্সপোর্টে ভ্রমণের জন্য সবচেয়ে দ্রুততম ও সহজতম উপায় হিসেবে পরিগণিত হয়েছে। অয়স্টারকার্ড ব্যবহার করে লন্ডনে প্রতিদিন লক্ষ লক্ষবার এক স্থান থেকে অন্য স্থানে ভ্রমণ করা হয় এবং আমাদের যাতায়াত ব্যবস্থা নির্বিঘ্নে পরিচালনা নিশ্চিত করতে এটি একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

আপনি ট্রাভেলকার্ড (Travelcard) বা পে এজ ইউ গো (pay as you go) ক্রেডিট যেটিই ব্যবহার করুন না কেন, রাজধানীতে বাস, টিউব (Tube), ট্রাম (Tram), ডিএলআর (DLR), লন্ডন ওভারগ্রাউন্ড (London Overground) ও ন্যাশনাল রেল সার্ভিস (National Rail services) ব্যবহারের জন্য এর থেকে ভালো উপায় নেই। একবারের ভ্রমণের জন্যও এটি সবচেয়ে সাশ্রয়ী পদ্ধতি।

বরিস জনসন, মেয়র অব লন্ডন

অয়স্টার আপনার জন্য কী করতে পারে?

অয়স্টার হল বাস, টিউব, ট্রাম, ডিএলআর, লন্ডন ওভারগ্রাউন্ড ও লন্ডনের ন্যাশনাল রেল সার্ভিসে একবারের ভ্রমণ সমূহের জন্য মূল্য পরিশোধের সবচেয়ে সাশ্রয়ী উপায়।

£5 জমা দিয়ে একটি অয়স্টার কার্ড কিনুন এবং সাথে পে এজ ইউ গো-র ক্রেডিট টপ আপ করে এবং/অথবা এতে আপনার সিজন টিকেট ঢুকিয়ে নিন। আর মনে রাখবেন, আপনার অয়স্টার কার্ড পুনঃব্যবহারযোগ্য!

নগদ অর্থের বদলে অয়স্টার ব্যবহার করে একবারের ভ্রমণসমূহের জন্য ভাড়া পরিশোধের মাধ্যমে আপনি কতটুকু অর্থ বাচাতে পারেন তার জন্য পৃষ্ঠা নম্বর 4-এর টেবিলটি দেখুন।

এছাড়া আপনি আপনার অয়স্টার কার্ড রেজিস্টার করে ফেললে কার্ডটি হারিয়ে বা চুরি হয়ে গেলে কার্ডে থাকা অর্থ ও টিকেট সুরক্ষিত থাকবে। স্টেশনগুলো বা অয়স্টার টিকেট শপগুলো থেকে একটি রেজিস্ট্রেশন ফর্ম সংগ্রহ করে নিন বা অনলাইনে **tfl.gov.uk/oyster** ওয়েবসাইটে গিয়ে আপনার কার্ড সুরক্ষিত রাখুন ও ব্যবস্থাপনা করুন।

শিশু-কিশোর, শিক্ষার্থী ও কিছু প্রাপ্তবয়স্কদের জন্য ছাড় রয়েছে - আরো তথ্যের জন্য **tfl.gov.uk/tickets**-এ যান বা **0845 330 9876** নম্বরে ফোন করুন।

অয়স্টারের মাধ্যমে প্রাপ্তবয়স্কদের একবারের ভাড়ায় অর্থ সাশ্রয়

ভ্রমণের এলাকা:	নগদ	অয়স্টার পে এজ ইউ গো	
		পিক[1]*	অফ-পিক[2]*
টিউব, ডিএলআর, লন্ডন ওভারগ্রাউন্ড, কতিপয় ন্যাশনাল রেল সার্ভিসেস[3]*			
শুধু জোন 1	£4.00	£1.90	£1.90
জোন 1-2	£4.00	£2.50	£1.90
জোন 1-4	£5.00	£3.40	£2.50
জোন 1-6	£5.00	£4.50	£2.70
অধিকাংশ ন্যাশনাল রেল সার্ভিস			
শুধু জোন 1	£2.20	£2.00	£1.50
জোন 1-2	£2.60	£2.20	£1.70
জোন 1-4	£4.00	£3.30	£2.30
জোন 1-6	£5.50	£5.20	£3.20
বাস ও ট্রাম			
যে কোন ভ্রমণ	£2.20	£1.30	

[1]* **পিক** অয়স্টার একবারের ভাড়া 0630 থেকে 0930 এবং 1600 থেকে 1900 সোম থেকে শুক্রবার (সরকারী ছুটির দিনগুলো বাদে) পর্যন্ত প্রযোজ্য।

[2]* বাকি সকল সময়ে **অফ-পিক** অয়স্টার একবারের ভাড়া প্রযোজ্য।

[3]* এছাড়া **অফ-পিক** অয়স্টার একবারের ভাড়া 1600 থেকে 1900 সোম থেকে শুক্রবার জোন 1-এ শুরু হওয়া ও জোন 1-এ শেষ হওয়া ভ্রমণের জন্যও প্রযোজ্য।

আরো তথ্যের জন্য **tfl.gov.uk/tickets**-এ যান।

অয়স্টার দ্বারা আপনার ভ্রমণের মূল্য পরিশোধকরণ

পে এজ ইউ গো (Pay as you go)

আপনি যদি ভ্রমণ করার সময় মূল্য পরিশোধের সহজ সুবিধাটি চান, তবে অয়স্টার পে এজ ইউ গো ব্যবহার করুন।

পে এজ ইউ গো-এর মাধ্যমে আপনি একবারের ভ্রমণসমূহের জন্য আপনার অয়স্টার কার্ডে ক্রেডিট জমা করে রাখতে পারবেন, এটি নগদ মূল্যে পরিশোধের চেয়ে সাশ্রয়ী। আমাদের উদ্দেশ্য হল এটা নিশ্চিত করা যে অয়স্টারের মাধ্যমে সর্বদা আপনি সর্বনিম্ন মূল্য পরিশোধ করছেন। যদি কোন ক্ষেত্রে এরকম না হয়ে থাকে, তাহলে আমরা আপনাকে পার্থক্যটুকু ফেরত দিয়ে দেব।

আপনার অয়স্টার কার্ডের ক্রেডিটের মেয়াদ কখনো শেষ হয়ে যায় না। আপনি ব্যবহার করা না পর্যন্ত ওটা ওখানে থাকবে। ক্রেডিট ফুরিয়ে গেলে স্রেফ টপ-আপ করে নিন।

অয়স্টারের দৈনিক সর্বোচ্চ নির্ধারিত ভাড়া (daily price capping)

আপনাকে এক দিন সময়ের মধ্যে (0430 ঘটিকা থেকে পরবর্তী দিনের 0430 ঘটিকা পর্যন্ত) যত খুশী ভ্রমণের সুযোগ করে দিচ্ছে এবং এজন্য আপনাকে কখনোই সমপরিমাণের একটি ডে ট্রাভেলকার্ড* (Day Travelcard)-এর মূল্যের থেকে বেশি পরিশোধ করতে হবে না। আপনি কখন ও কীভাবে ভ্রমণ করছেন তার উপর ভিত্তি করে সিস্টেম এই ভাড়াটি হিসেব করে ফেলে। আপনার ক্ষেত্রে দৈনিক সর্বোচ্চ নির্ধারিত ভাড়া প্রযোজ্য করার জন্য আপনাকে ঢোকা ও বের হবার সময় কার্ডটি সঠিকভাবে স্পর্শ (টাচ ইন ও টাচ আউট) করাতে হবে - বিস্তারিত তথ্যের জন্য পৃষ্ঠা 8-এ ‘কীভাবে আপনার অয়স্টার কার্ডটি ব্যবহার করবেন’ অংশটুকু দেখুন।

* গ্রেয়স, পারফ্লিট, ওকেনডেন বা চ্যাফোর্ড হান্ড্রেড - এই স্থানগুলো থেকে / এই স্থানগুলোর দিকের ভ্রমণের জন্য প্রযোজ্য নয়।

অটো টপ-আপ (Auto top-up)

আপনি যদি পে এজ ইউ গো ব্যবহার করে থাকেন, তাহলে অটো টপ-আপ ব্যবহার করে আপনি আরো সময় বাঁচাতে পারেন।

আপনার আর ক্রেডিট ভরার জন্য লাইনে দাঁড়ানোর প্রয়োজন নেই। আপনার অয়স্টার কার্ডের ক্রেডিট £8-এর নিচে চলে যাবার সাথে সাথে স্বয়ংক্রিয়ভাবে £20 বা £40-এর ক্রেডিট (আপনার পছন্দ অনুসারে) দিয়ে টপ-আপ হয়ে যাবে। এর অর্থ হল যে আপনার পে এজ ইউ গো-র ক্রেডিট কখনো ফুরিয়ে যাবে না। অটো টপ-আপ সেট করার জন্য **tfl.gov.uk/oyster**-এ যান।

ট্রাভেলকার্ড ও বাস এন্ড ট্রাম পাস সিজন টিকেট
(Travelcard and Bus & Tram Pass season tickets)

আপনার অয়স্টারে অগ্রিম সিজন টিকেট ভরুন ও নবায়ন করুন।

ট্রাভেলকার্ড সিজন টিকেট আপনার টিকেট যেসব জোনের জন্য বৈধ সেসবের টিউব, ডিএলআর, লন্ডন ওভারগ্রাউন্ড ও ন্যাশনাল রেল সার্ভিসসমূহ ও এই চিহ্নপ্রদর্শিত লন্ডনের সকল বাসে ভ্রমণের জন্য ব্যবহার করা যাবে।

জোন 3, 4, 5 বা 6-এ বৈধ যে কোন ট্রাভেলকার্ড ট্রামসমূহে ব্যবহার করা যাবে। এছাড়া আপনার অয়স্টার কার্ডে একটি ট্রাভেলকার্ডের মাধ্যমে রিভারবোটের ভাড়া থেকে 1/3 মূল্য ছাড় পাবেন।

বাস এন্ড ট্রাম পাস সিজন টিকেটসমূহ লন্ডনের সকল বাস ও ট্রামে ব্যবহার করা যাবে।

অনুগ্রহ করে মনে রাখবেন যে, আপনার অয়স্টার কার্ডে কোন সিজন টিকেট ভরা থাকলে এটি কেবল আপনার নিজে ব্যবহার করার জন্য, সুতরাং এই ক্ষেত্রে আপনি অন্য কাউকে আপনার কার্ডটি ধার দিতে পারবেন না। সিজন টিকেটসমূহের ব্যাপারে আরো তথ্যের জন্য **tfl.gov.uk/fares**-এ যান।

সিজন টিকেট ও পে এজ ইউ গো-এর মিশ্রণ

একই কার্ডে পে এজ ইউ গো ক্রেডিট ও আপনার সিজন টিকেট জমা রাখুন।

এটির মাধ্যমে আপনি ভ্রমণ করতে পারবেন:

- আপনার ট্রাভেলকার্ডের জন্য প্রযোজ্য জোনগুলোর বাইরে
- অন্যান্য ধরণের ট্রান্সপোর্ট-এ ভ্রমণ করতে পারবেন, যদি আপনার অয়স্টার কার্ডে বাস এন্ড ট্রাম পাস সিজন টিকেট থেকে থাকে

রিভার সার্ভিসসমূহে পে এজ ইউ গো

থেমস ক্লিপার সার্ভিসে ভ্রমণের জন্য আপনার পে এজ ইউ গো ক্রেডিট ব্যবহার করুন।

আপনি যখন অয়স্টার পে এজ ইউ গো ব্যবহার করবেন তখন 10% মুল্য ছাড় নিন। রিভার সার্ভিসেস-এর টিকেট বিক্রেতার কাছে আপনার কার্ডটি দেখান এবং তিনি আপনাকে একটি কাগুজে টিকেট ইস্যু করে দেবেন।
আপনার ভ্রমণের ভাড়া আপনার পে এজ ইউ গো ক্রেডিট থেকে নিয়ে নেয়া হবে - এটাকে আবার আপনার দৈনিক সর্বোচ্চ নির্ধারিত ভাড়ার অংশ হিসেবে ধরা হবে না। আরো তথ্যের জন্য **tfl.gov.uk/fares** -এ যান।

কীভাবে আপনার অয়স্টার কার্ডটি ব্যবহার করবেন

হলুদ কার্ড রিডার (Yellow card reader)

টিউব, ডিএলআর, লন্ডন ওভারগ্রাউন্ড ও ন্যাশনাল রেল সার্ভিসসমূহে আপনার সঠিক ভাড়া প্রদান নিশ্চিত করার জন্য আপনাকে অবশ্যই ভ্রমণের শুরুতে ঢোকার সময় ও ভ্রমণ শেষে বাইরে বেরোনোর পূর্বে হলুদ কার্ড রিডারে অয়স্টার কার্ডটি স্পর্শ করাতে হবে। আপনি যদি তা না করেন, তবে আপনাকে অয়স্টারের সর্বোচ্চ ভাড়া পরিশোধ করতে হবে।

বাসে প্রবেশ করার সময় আপনার অয়স্টার কার্ডটি স্পর্শ করাতে হবে, ট্রামের ক্ষেত্রে ট্রাম স্টপে প্লাটফর্মের হলুদ কার্ড রিডারে অবশ্যই স্পর্শ করাতে হবে - উভয় ক্ষেত্রেই বের হবার সময় অবশ্যই কার্ড স্পর্শ করাবেন না।

আপনি যখন কার্ড রিডারে আপনার কার্ডটি স্পর্শ করান, তখন একটি বিপ শব্দের সাথে সবুজ বাতি আসার অর্থ হল আপনার কার্ডটি ভ্রমণের জন্য বৈধ হিসেবে গ্রহণ করা হয়েছে। দু'টি বিপের সাথে লাল বাতি আসার অর্থ হল আপনার অয়স্টার কার্ডটি গ্রহণ করা হয়নি। আপনার অয়স্টার কার্ডটি ভ্রমণের জন্য বৈধ হিসেবে গ্রহণ না হওয়া বা ভ্রমণের জন্য আলাদাভাবে অর্থ পরিশোধ না করা পর্যন্ত আপনি আর সামনে যাবেন না, অন্যথায় আপনাকে জরিমানামূলক ভাড়া প্রদান করতে হবে বা আপনার বিরুদ্ধে মামলা করা হবে।

অয়স্টার রুট ভেলিডেটর - গোলাপি কার্ড রিডার (pink card reader)

আপনার যাতায়াতের পথ সম্পর্কে জানানোর মাধ্যমে আপনার সঠিক ভাড়া পরিশোধ নিশ্চিত করার জন্য কিছু টিউব, লন্ডন ওভারগ্রাউন্ড ও ন্যাশনাল রেল সার্ভিসেস স্টেশনে গোলাপি কার্ড রিডার স্থাপন করা হয়েছে। আপনাকে কেবল তখনই গোলাপি কার্ড রিডার স্পর্শ করতে হবে যখন আপনি আপনার ভ্রমণের কোন অংশের জন্য অয়স্টার পে এজ ইউ গো ব্যবহার করে থাকেন এবং গোলাপি কার্ড রিডার রয়েছে এমন কোন স্টেশনে ট্রেন বদল করতে যান।

কীভাবে আপনার অয়স্টার কার্ড পাবেন, টপ-আপ করবেন ও সুরক্ষিত রাখবেন

আপনি যেসব স্থানে অয়স্টার কার্ড পাবেন, সেগুলো হল:

- **tfl.gov.uk/oyster**
- অয়স্টার টিকেট স্টপসমূহ
- টিউব স্টেশনগুলোতে বাছাইকৃত কিছু টাচস্ক্রীন টিকেট মেশিনসমূহ
- টিউব ও লন্ডন ওভারগ্রাউন্ড স্টেশন টিকেট অফিসসমূহ
- লন্ডন ট্রাভেল ইনফরমেশন সেন্টারসমূহ (London Travel Information Centres)
- বাছাইকৃত কিছু ন্যাশনাল রেল স্টেশন টিকেট অফিসসমূহ

আপনি নিম্নলিখিত উপায়সমূহের মাধ্যমে ক্রেডিট যোগ এবং সিজন টিকেট ক্রয় বা নবায়ন করতে পারবেন:

- অনলাইনে **tfl.gov.uk/oyster** -এ (বার্ষিক বাস এন্ড ট্রাম পাস সিজন টিকেট কেবল প্রথম ইস্যুর ক্ষেত্রেই অনলাইনে পাওয়া যাবে)। আপনার ক্রেডিট/সিজন টিকেট তুলে নেবার জন্য অনলাইনে ক্রয় করার 24 ঘণ্টা পর আপনার ভ্রমণের অংশ হিসেবে অয়স্টার কার্ড স্পর্শ করান।
- অয়স্টার টিকেট স্টপসমূহে - **tfl.gov.uk/ticketstopfinder** -ওয়েবসাইটে গিয়ে আপনার নিকটস্থ স্টপটি খুঁজে নিন
- টিউব ও লন্ডন ওভারগ্রাউন্ড টাচ্স্ক্রীন মেশিনসমূহে ও স্টেশন টিকেট অফিস
- লন্ডন ট্রাভেল ইনফরমেশন সেন্টারসমূহ
- ডিএলআর টাচ্স্ক্রীন টিকেট মেশিনসমূহ
- কয়েকটি বাছাইকৃত ন্যাশনাল রেল টাচ্স্ক্রীন টিকেট মেশিনসমূহ (শুধুমাত্র পে এজ ইউ গো ও 7 দিনের ট্রাভেলকার্ড) এবং টিকেট অফিসসমূহ

আপনার অয়স্টার কার্ড নিবন্ধন করুন ও সুরক্ষিত রাখুন

আপনি যখন আপনার অয়স্টার কার্ডটি নিবন্ধন (Register) করেন তখন হারিয়ে যাবার বা চুরি যাবার থেকে আপনার ক্রেডিট ও সিজন টিকেটকে সুরক্ষা প্রদান করা হয়। আপনার নিয়মিত ভ্রমণপথকে প্রভাবিত করে এমন বিষয়গুলোর ব্যাপারে সর্বশেষ ভ্রমণ তথ্য (পরিকল্পিত ব্যাহতকরণসহ) ও নতুন সার্ভিসসমূহের ব্যাপারে তথ্যের মাধ্যমেও আপনি লাভবান হতে পারেন।

আপনি যদি এখনও আপনার অয়স্টার কার্ডটি নিবন্ধন না করে থাকেন তাহলে একটি রেজিস্ট্রেশন ফর্ম সংগ্রহ করুন এবং পূরণকৃত ফর্মটি স্থানীয় কোন অয়স্টার টিকেট স্টপ, টিউব বা লন্ডন ওভারগ্রাউন্ড স্টেশনে ফেরত দিন। অন্যথায়, এর বিকল্প হিসেবে আপনি অনলাইনে **tfl.gov.uk/oyster**-এ আপনার অয়স্টার কার্ডটি সুরক্ষিত করতে পারেন।



মনে রাখবেন!
আপনার অয়স্টার কার্ডটি নিবন্ধন করুন।

প্রায়ই জিজ্ঞাসিত প্রশ্নসমূহ

আমার অয়স্টার কার্ড হারিয়ে বা চুরি হয়ে গেলে আমার কী করা উচিত?

আপনার অয়স্টার কার্ড নিবন্ধিত বা সুরক্ষিত থাকলে আপনার ক্রেডিট ও/বা টিকেট নিরাপদ থাকবে। আরো তথ্যের জন্য অথবা কার্ড হারিয়ে বা চুরি হয়ে গেলে রিপোর্ট করার জন্য আপনি অনলাইনে **tfl.gov.uk/oyster** -এ যান বা **0845 330 9876** নম্বরে ফোন করুন। আপনার অয়স্টার কার্ড নিবন্ধিত বা সুরক্ষিত না করানো হয়ে থাকলে এটি হারিয়ে বা চুরি যাবার ক্ষেত্রে আপনি মূল্য ফেরত পাবেন না।

আমাকে কেন সর্বোচ্চ অয়স্টার ভাড়া চার্জ করা হয়েছে?

আপনি যদি টিউব, ডিএলআর, লন্ডন ওভারগ্রাউন্ড বা ন্যাশনাল রেল সার্ভিসে ভ্রমণকালে প্রবেশ ও বেরিয়ে যাবার সময় সঠিকভাবে কার্ড স্পর্শ না করেন তাহলে আপনাকে সর্বোচ্চ অয়স্টার ভাড়া চার্জ করা হয়ে থাকে।

আমার অয়স্টার কার্ডের ব্যালেন্স ঋণাত্মক হয়ে গেলে আমার কী করা উচিত?

আপনার পরবর্তী ভ্রমণের পূর্বে ঋণাত্মক ব্যালেন্স শেষ করার জন্য আপনাকে কার্ডে ক্রেডিট ভরতে হবে। এটা না করা পর্যন্ত আপনি ভ্রমণ করতে পারবেন না।

আমার মনে হচ্ছে আমাকে অতিরিক্ত চার্জ করা হয়েছে। আমার কী করা উচিত?

আপনার কার্ড যদি নিবন্ধিত হয়ে থাকে এবং পূর্বে কোন সময়ে আপনি অনলাইনে টপ-আপ করে থাকেন তাহলে অনুগ্রহ করে অনলাইনে আপনার ভ্রমণের ইতিহাস পরীক্ষা করুন। এর বিকল্প হিসেবে কোন টাচ্‌স্ক্রীন মেশিনে দেখুন আপনাকে কী চার্জ করা হয়েছে। যদি তার পরও আপনার চার্জ সম্পর্কে কোন কিছু জানার থাকে তাহলে **0845 330 9876** নম্বরে অয়স্টার হেল্পলাইনে ফোন করুন।

আরো সাহায্যের প্রয়োজন?

- আরো তথ্য ও বিস্তারিত ভাড়ার জন্য **tfl.gov.uk/oyster**-এ যান
- টিউব ও লন্ডন ওভারগ্রাউন্ড স্টেশনসমূহে কোন কর্মীকে জিজ্ঞেস করুন
- **0845 330 9876** নম্বরে কল করুন

আগষ্ট 2011। সকল তথ্য মুদ্রণে যাবার মুহূর্তে সঠিক। সর্বশেষ হালনাগাদ তথ্যের জন্য অনুগ্রহ করে **tfl.gov.uk/oyster**-এ যান।

ওয়েবসাইট
tfl.gov.uk

অয়স্টার হেল্পলাইন নম্বর
0845 330 9876